



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

সংশোধিত কপি

তারিখঃ ১৬.০৫.২০২৪

স্মরণ-প্রশিকা/এফএসডি/২০২৪-১৭ (এলাকা)

এলাকা ব্যবস্থাপক

সকল উন্নয়ন এলাকা

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

বিষয়ঃ ক্ষুদ্রঋণ কার্যক্রমের বিশেষ কর্মসূচি।

প্রিয় সহকর্মীবৃন্দ

আপনারা অবগত আছেন যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের অবস্থার উন্নতির জন্য কয়েক মাসের একটি বিশেষ কর্মসূচি হাতে নেয়া হয়েছিল। কিন্তু তার ফলাফল এখন পর্যন্ত তেমন সন্তোষজনক নয়। কেন্দ্রীয় অফিসের মাসিকসভায় বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে এবং তা জুন, ২০২৪ মাস পর্যন্ত চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বিগত কয়েক মাসের কার্যক্রম পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রায় অধিকাংশ উন্নয়ন এলাকার ওডি ও ব্লকিপূর্ণ ঋণের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে এবং ওটিআর এর পরিমাণ হ্রাস পাচ্ছে, যা কোন ভাবেই কাম্য নয়। এ অবস্থা থেকে অবশ্যই উত্তরণ ঘটতে হবে। তাই প্রতিটি উন্নয়ন এলাকায় এপ্রিল, ২০২৪ মাসের পারফরমেন্সের উপর ভিত্তি করে জুন, ২০২৪ মাসের মধ্যে কতটুকু উন্নতি করা সম্ভব, তার একটি পরিকল্পনা করতে হবে। শাখা পর্যায়ে কর্মী ভিত্তিক উক্ত পরিকল্পনা করতে হবে। উন্নয়ন এলাকা ভিত্তিক উক্ত পরিকল্পনা পরিচালকের মাধ্যমে তা প্রধান নির্বাহী বরাবর জমা প্রদান করতে হবে। জুন, ২০২৪ মাসে তার ভিত্তিতে কার্যক্রম মূল্যায়ন করা হবে।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বর্তমানে ফসল তোলার সময়। এই সময় পরিকল্পিত ভাবে কিছু পদক্ষেপ নেয়া হলে ওডি ঋণ থেকে আদায়ের পরিমাণ বৃদ্ধি করা সম্ভব। তাই ওডি ও ব্লকিপূর্ণ ঋণের তালিকা অনুসরণ করে দলভিত্তিক আদায়ের চেষ্টা করলে সুফল পাওয়া যাবে। তাই প্রতিটি উন্নয়ন এলাকায় ব্যবস্থাপকসহ কয়েকটি দলে বিভক্ত হয়ে বিকালে ওডি ঋণ আদায়ের কর্মসূচি গ্রহণ করতে হবে।

সকলেই বিষয়টির গুরুত্ব অনুধাবন করে যথাযথ পদক্ষেপ গ্রহণ করলে পারফরমেন্স অবশ্যই উন্নতি হবে।

ধন্যবাদ

সিরাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা।

অনুলিপি:

১. উপ-প্রধান নির্বাহীদ্বয় - সদয় অবগতির জন্য।
২. সকল পরিচালক - ”
৩. সকল কেন্দ্রীয় ব্যবস্থাপক- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য।
৪. সকল বিভাগীয় ব্যবস্থাপক - সদয় অবগতিও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য।
৫. অফিস কপি।

HEAD OFFICE: PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.

E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6